

ঝড়

এরকমও হয়
তোমাকে দিতে গিয়ে কিছু
দেওয়া হয়ে ওঠা না কিছুতেই—
ভাবি, দেবো
সুনীল ডাবের জল
বুকে ভরে, সবুজ রোদ্দুরের গন্ধ
সোজাসুজি
শিরা বেয়ে চলে যাবে
সুড়ঙ্গের ছায়ায়
সেইখানে দেখা হবে
পাওয়া ও না-পাওয়ার অভিমানে,
তোমাকে ভোরের কাছে রাখি—
শীতল, জেগে ওঠা ভোর
খাড়া হয়ে বর্ষা নেমে আসে
তোমাকে ঝড়ের সংযমে
ছেড়ে দিলাম...

গণেশ ভট্টাচার্য

